

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪২৬১  
আগরতলা, ১৬ ডিসেম্বর, ২০২৩

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সামাজিক ন্যায় বিষয়ক স্থায়ী কমিটির সভা

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে গতকাল জিলা পরিষদের সামাজিক ন্যায় বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাপতি হরিদুলাল আচার্য। সভায় উপস্থিত ছিলেন স্থায়ী কমিটির অন্যান্য সদস্যগণ ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ। সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, জেলার ৮২ হাজার ৯৫ জনকে বিভিন্ন সামাজিক ভাতা প্রকল্পে ভাতা দেওয়া হচ্ছে। তাছাড়া মুখ্যমন্ত্রী সামাজিক সহায়তা প্রকল্পে জেলার ৭,৫৯৬ জনকে মাসে ২ হাজার টাকা করে ভাতা দেওয়া হবে। মুখ্যমন্ত্রী মাতৃপুষ্টি উপহার যোজনায় জেলায় নভেম্বর মাস পর্যন্ত ৩,৪৩৯ জন গর্ভবতী মহিলাকে চিকিৎসায় সহায়তা হিসেবে ৫০০ টাকা করে ও ৪ কিস্তিতে ২ হাজার টাকার পোষণ কিট দেওয়া হয়েছে। সভায় জেলা কল্যাণ আধিকারিক জানান, চলতি অর্থবছরে জেলায় ১৩৪ জন ক্ষুদ্র ব্যবসায়ীকে স্বরোজগারী প্রকল্পে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়া ১৫৯ জনকে সেলাই মেশিন দেওয়া হচ্ছে। সভায় ত্রিপুরা মহিলা প্রতিনিধি মহিলাদের সুরক্ষা সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করেন।

\*\*\*\*\*